# প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৮-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর sub-section (20) অনুসারে সংজ্ঞায়িত কোম্পানীকে উক্ত পার্কে পরিচালিত ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ভূত সকল আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে অব্যাহতি প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উক্ত পার্কে স্থাপিত কোম্পানীকে–

(ক) Tax-payers Indentification Number (TIN) গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দালিখ করিতে হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**আয়কর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং **৩৫২/আইন/আয়কর/২০১৮**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৮-আইন/আয়কর/২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বসরের জন্য ২০% হারে" শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি এবং চিহ্নগুলির পরিবর্তে "১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম বৎসরের জন্য ১০০% এবং ৮ম, ৯ম ও ১০ম বৎসরের জন্য ৭০% হারে" শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি এবং চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি**
সিনিয়র সচিব।